## Sanatan Dharma

**শিবরাত্রিতে ভুলেও এই কাজগুলি করবেন না**

শিবরাত্রিতে ভুলেও এই কাজগুলি করবেন না-রুষ্ট হবেন মহাদেব

পঞ্চাঙ্গ অনুসারে, ফাল্গুন মাসের কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথিতে মহাশিবরাত্রির উৎসব পালন ..
করা হবে। মানা হয় যে, মহাশিবরাত্রি ভগবান শিবের উপাসনার জন্য সর্বোচ্চ দিন বলে মনে করা হয়। আজকে মহাশিবরাত্রির ব্রত রাখবেন সকলে। এইদিন ব্রত যাঁরা রাখেন তাঁদের কিছু বিশেষ নিয়ম পালন করে চলতে হয়। মহাশিবরাত্রির ব্রত রাখার সময় কোন কোন কাজ করা থেকে বিরত থাকতে হবে।

কালো পোশাক নয়
মহাশিবরাত্রির সময় স্নান না করে কিছু খাবেন না। ব্রত যদি নাও রাখেন তাও স্নান করে খাবার গ্রহণ করবেন না। মহাশিবরাত্রির দিন কালো রঙের পোশাক এইদিন কালো রঙের পোশাক পরাকে অশুভ বলে মনে করা হয়। এর পাশাপাশি শিবলিঙ্গে অর্পণ করা প্রসাদও খাবেন না, কারণ এতে দুভাগ্য আসতে পারে। এর পাশাপাশি শিবলিঙ্গে অর্পণ করা প্রসাদও খাবেন না, কারণ এতে দুভাগ্য আসতে পারে। এরকম করলে অর্থের ঘাটতি হতে পারে।

এই জিনিসগুলি খাবেন না
শিবরাত্রির উৎসবে চাল, ডাল বা গমের তৈরি কোনও খাবার সেবন করবেন না। ব্রতের সময় আপনি দুধ বা ফল খেতে পারেন। সূর্যাস্তের পর কিছুই খাওয়া চলবে না। এইদিন সকালে তাড়াতাড়ি উঠে স্নান করে দেহ ও মনকে শুদ্ধ করে নিন। এই কাজের মাধ্যমেই দিনের শুরুটা করুন।

রাতে ঘুমোবেন না
শিবরাত্রির সময় খুব বেশিক্ষণ সকালে শুয়ে থাকবেন না এবং রাতের সময় না ঘুমিয়ে কাটানোই এই ব্রতের নিয়ম। রাত জাগার সময় ভগবান শিবের ভজন শুনতে পারেন এবং আরতি করতে পারেন। ব্রতের পরের দিন সকালে স্নান করে প্রসাদ গ্রহণ করে শিবজিকে তিলক লাগিয়ে তবেই এই ব্রত খোলা
যেতে পারে।

শিবলিঙ্গে কুমকুম দেবেন না
শিবলিঙ্গে কখনও কুমকুমের তিলক লাগাবেন না। মহাশিবরাত্রির সময় ভোলেনাথকে প্রসন্ন করার জন্য চন্দনের টিকা লাগানো যেতে পারে। মাতা পার্বতী ও গণেশ মূর্তিতে কুমকুমের টিকা লাগানো যেতে পারে।

ভাঙা অক্ষত ব্যবহার করবেন না
ভগবান শিবের পুজোয় কখনও ভুলেও ভাঙা চাল অর্পণ করবেন না। অক্ষতের অর্থ হল অটুট চাল, এটি পূর্ণতার প্রতীক। অক্ষতের অর্থ হল অটুট চাল, এটি পূর্ণতার প্রতীক। তাই

Published on: Feb, 19 2023 10:45

শিবজিকে অক্ষত অর্পণ করার সময় এটা দেখে নেবেন যে যেন সেটা কোনওভাবেই ভাঙা না হয়। শিবরাত্রির ব্রত সকালে শুরু হয় এবং পরের দিন সকাল পর্যন্ত থাকে। ব্রতের সময় ফল ও দুধের সেবন করা উচিত, তবে সূর্যাস্তের পর কিছুই খাওয়ার নিয়ম নেই।

কেতকী ফুল দেবেন না

ভঘবান শিবকে ভুলেও কেতকী ও চাঁপা ফুল অর্পণ করবেন না। বিশ্বাস করা হয় যে এই ফুলগুলিকে ভগবান শিব শাপ দিয়েছিলেন। কেতকী ফুল সাদা হওয়া সত্ত্বেও তা ভগবান শিবের পুজোয় ব্যবহার হয় না।

ছেঁড়া বেলপাতা

শিবরাত্রিতে তিন পাতা সম্পন্ন বেলপাতা অর্পণ করতে হবে। ছেঁড়া-ফাটা বেলপাতা ব্যবহার করা চলবে না শিবের এই বিশেষ পুজোয়।

Published on: Feb, 19 2023 10:45